# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৮৪

পর্ব-১: ঈমান (বিশ্বাস) (كتاب الإيمان)

পরিচ্ছেদঃ ৩. প্রথম অনুচ্ছেদ - তাকদীরের প্রতি ঈমান

## بَابُ الْإِيمَانِ بِالْقَدْرِ

আরবী

عَن عَائِشَة أم الْمُؤمنِينَ قَالَت: «دُعِي رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِلَى جِنَازَةِ صَبِيٍّ مِنَ الْأَنْصَارِ فَقُلْتُ يَا رَسُولَ اللَّهِ طُوبَى لِهَذَا عُصْفُورٌ مِنْ عَصَافِيرِ الْجَنَّةِ لَمْ يَعْمَلِ السُّوءَ وَلَمْ يُدْرِكْهُ قَالَ أَوَ غَيْرُ ذَلِك يَا عَائِشَةُ إِنَّ اللَّهَ خَلَقَ لِلْجَنَّةِ أَهْلًا خَلَقَهُمْ لَهَا وَهُمْ فِي أَصْلَابِ آبَائِهِمْ وَخَلَقَ لِلنَّارِ أَهْلًا خَلَقَهُمْ لَهَا وهم فِي أصلاب آبَائِهِم» . رَوَاهُ مُسلم

বাংলা

৮৪-[৬] ’আয়িশাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একদা একজন আনসারীর শিশু সন্তানের জানাযার সালাত (সালাত/নামায/নামাজ) আদায়ের জন্য রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে ডাকা হলো। আমি (’আয়িশাহ্) বললাম, হে আল্লাহর রসূল! এ বাচ্চার কি সৌভাগ্য, সে তো জান্নাতের চড়ুই পাখীদের মধ্যে একটি চড়ুই। সে তো কোন গুনাহ করেনি বা গুনাহ করার বয়সও পায়নি। তখন তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেন, এছাড়া অন্য কিছু কি হতে পারে না হে ’আয়িশাহ! আল্লাহ তা’আলা একদল লোককে জান্নাতের জন্য সৃষ্টি করে রেখেছেন, যখন তারা তাদের পিতার মেরুদন্ডে ছিল। এভাবে জাহান্নামের জন্যও একদল লোক সৃষ্টি করে রেখেছেন অথচ তখন তারা তাদের পিতার মেরুদন্ডে ছিল। (মুসলিম)[1]

## English

Chapter: Belief in the Divine Decree - Section 1

‘A’isha said:
God’s messenger was invited to the funeral of a boy who belonged to the Ansar and I said, “Messenger of God, this one is blessed; he is one of the young ones* in paradise, for he has done no evil, being too young for that.” He replied, “It may be otherwise, ‘A’isha, for God has created some to go to paradise, doing so when they were still in their fathers’ loins; and He has created others for hell, doing so when they were still in their fathers’ loins.”

Muslim transmitted it.

* Lit. small birds or sparrows.

## ফুটনোট

[1] সহীহ : মুসলিম ২৬৬২, নাসায়ী ১৯৪৭, ইবনু মাজাহ ৮২, আহমাদ ২৫৭৪২, সহীহ ইবনু হিব্বান ৬১৭৩।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: (أَوَ غَيْرَ ذٰلِكَ) রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এ মন্তব্য করেছেন তিনি এ কথা অবহিত হওয়ার পূর্বে যে, মুসলিমদের শিশুরা জান্নাতবাসী হবে। কেননা মুসলিম ‘আলিমদের মধ্য হতে যাদের বক্তব্যকে সঠিক বলে গণ্য করা হয় তারা সবাই একমত যে, মুসলিমদের মধ্যে যারা শিশু অবস্থায় মারা যাবে তারা সবাই জান্নাতবাসী। যা কুরআন ও সহীহ হাদীস দ্বারা সাব্যস্ত। নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কর্তৃক ‘আয়িশাহ্ (রাঃ)-কে এ মন্তব্য করতে নিষেধ করার কারণ ছিল যে, তার (‘আয়িশার) নিকট কোন নিশ্চিত প্রমাণ ছিল না যার কারণে তিনি এ মন্তব্য করতে পারেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=54643

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন